

সমান বিবেচনায় আসবে। আবেদন সম্পূর্ণ বিনামূল্যে এবং সংশ্লিষ্ট উপজেলায় অবস্থিত যেকোনো তফসিলি ব্যাংকের শাখায় নির্ধারিত ফর্মের মাধ্যমে দাখিল করা যাবে।

কর্মসূচির আওতাভুক্ত এলাকা



প্রাথমিকভাবে ৮টি বিভাগের ৮টি জেলা- মানিকগঞ্জ, ফেনী, নওগাঁ, ঝিনাইদহ, ভোলা, হবিগঞ্জ, রংপুর ও নেত্রকোণা এবং এসব জেলার অন্তর্গত ৬৪টি উপজেলায় কর্মসূচিটি শুরু করা হবে। প্রতিটি উপজেলা হতে ১০ জন করে সর্বমোট ৬৪০ জন তরুণ উদ্যোক্তা নির্বাচিত হবেন। ধারাবাহিকভাবে দেশের অন্যান্য জেলার উপজেলা সমূহেও কর্মসূচিটি সম্প্রসারিত হবে, যার আওতায় প্রতি বছর ৫,০০০ জন তরুণ উদ্যোক্তাকে অর্থায়ন ও সহায়তা প্রদান করা হবে।

অর্থায়নের পাশাপাশি অন্যান্য সেবা



কর্মসূচির পরিধি কেবল অর্থায়নেই সীমাবদ্ধ থাকবেনা। নির্বাচিত উদ্যোক্তাগণ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ, অভিজ্ঞ মেন্টরের ধারাবাহিক পরামর্শ, ব্যবসা নিবন্ধন ও ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়নে সহায়তা এবং বাজার সংযোগের সুযোগ পাবেন।

উল্লেখ্য, একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তা গড়ে ৩ হতে ৫ জনের কর্মসংস্থান সৃষ্টি করেন। এ বিবেচনায় “উদ্যোগ” কর্মসূচি কর্মসংস্থান সৃষ্টি ও দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বাংলাদেশ ব্যাংক আশা করে।



উপজেলা ভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান
চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রাম ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক।



মেলায় প্রদর্শিত
সকল লিফলেট
পেতে সন্ধান করুন



উদ্যোগ (UDYOG) উপজেলা ভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি



এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রাম ডিপার্টমেন্ট

২য় সংলগ্নী ভবন, ২৫ তলা

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

Website : www.bb.org.bd



দেশের উপজেলা পর্যায়ে সম্ভাবনাময় তরুণ-তরুণীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে বাংলাদেশ ব্যাংক “উদ্যোগ (UDYOG): উপজেলা ভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি” বাস্তবায়ন করতে যাচ্ছে।

কর্মসূচির নাম

সংক্ষিপ্ত নাম	“উদ্যোগ” (UDYOG)
ইংরেজি পূর্ণরূপ	UDYOG: Upazila-Driven Youth Opportunity for Growth
পূর্ণনাম (বাংলা)	উদ্যোগ: উপজেলাভিত্তিক তরুণ উদ্যোক্তা অনুসন্ধান, চিহ্নিতকরণ ও অর্থায়ন কর্মসূচি

কর্মসূচির স্বরূপ



“উদ্যোগ” প্রচলিত অর্থে কোনো প্রতিযোগিতা নয়। এর আওতায় তফসিলি ব্যাংক সমূহ তাদের বিদ্যমান শাখা নেটওয়ার্ক ব্যবহার করে উপজেলা পর্যায়ে স্বতঃপ্রণোদিতভাবে সম্ভাবনাময় তরুণ উদ্যোক্তা অনুসন্ধান ও চিহ্নিত করবে, তাঁদের ব্যবসায়িক ধারণা ও প্রকৃত অর্থের চাহিদা যাচাই করবে এবং অর্থায়ন করবে।

অর্থায়নের পরিমাণ



নির্বাচিত প্রত্যেক উদ্যোক্তা তাঁর প্রকৃত চাহিদা অনুযায়ী সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকার একটি অর্থায়ন প্যাকেজ পাবেন। এর অর্ধেক ব্যাংক ঋণ এবং বাকি অর্ধেক অনুদান। ঋণের ক্ষেত্রে কোনো সহায়ক জামানত প্রদানের প্রয়োজন হবেনা। গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার সর্বোচ্চ ৪% হতে ৭%, যা ব্যবসার ধরন ও প্রযোজ্য পুনঃঅর্থায়ন স্কিমের উপর নির্ভর করবে। স্টার্ট-আপ শ্রেণিভুক্ত উদ্যোগের ক্ষেত্রে সর্বোচ্চ ৪%, নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫% এবং সিএমএসই নতুন উদ্যোক্তা ও কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে সর্বোচ্চ ৭%। নির্ধারিত সময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে অনুদানের অর্থ সুদবিহীন ঋণে রূপান্তরিত হবে এবং সেক্ষেত্রে ঋণ হিসাবটি প্রচলিত নিয়মে শ্রেণীকৃত হয়ে ঋণগ্রহীতা খেলাপি হিসেবে বিবেচিত হবেন ও পরবর্তীতে ঋণ পাবার যোগ্যতা হারাবেন।

আবেদনের যোগ্যতা ও পদ্ধতি



বাংলাদেশের প্রাপ্ত বয়স্ক নাগরিক, আবেদনের শেষ তারিখে যাঁর বয়স অনূর্ধ্ব ২৮ বছর এবং যিনি সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা, তিনি আবেদন করতে পারবেন। পূর্ব হতে ব্যবসা পরিচালনা করা আবশ্যিক নয়; একটি বাস্তব সম্মত ব্যবসায়িক ধারণা থাকলেই আবেদন করা যাবে। কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ, হস্তশিল্প, মৎস্য, পশুপালন, পর্যটন, সেবা কিংবা প্রযুক্তি ভিত্তিক; সবধরনের বৈধ উদ্যোগই